



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ড্যান্স চেইন প্রতিযোগিতায় বিজয়ীরা

ছবি : নিজস্ব আলোকচিত্রী



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আন্তঃবিশ্ববিদ্যালয় ভ্যালু চেইন প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক ■

আন্তঃবিশ্ববিদ্যালয় ভ্যালু চেইন প্রতিযোগিতার আয়োজন করেছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এগ্রো ইন্ডাস্ট্রিয়াল ইজেশন ক্লাব। সম্প্রতি বিশ্ববিদ্যালয়টিতে ভ্যালু স্ট্রিং চ্যালেঞ্জ ২০২৩ শীর্ষক এ আয়োজনের ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে চ্যাম্পিয়ন হয়েছেন টিম ব্রেভ ভেন্টুরাস। দ্বিতীয় হয়েছেন টিম স্ট্রাগলারস, তৃতীয় হয়েছেন ইউডব্লিউইউ টুইনস।

এবার দ্বিতীয়বারের মতো আয়োজিত এ প্রতিযোগিতায় উৎসাহ নিয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। চারটি ধাপে আয়োজিত এ প্রতিযোগিতার মূল

উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের ভ্যালু চেইন নিয়ে সুস্পষ্ট ধারণা দেয়া এবং ক্যারিয়ার গঠনে অনুপ্রাণিত করা। অনুষ্ঠানে ক্লাবটির মডারেটর এবং বিভিন্ন বহুজাতিক প্রতিষ্ঠান ও নানা সেক্টরের অভিজ্ঞরা বিচারক হিসেবে উপস্থিত ছিলেন।

বিচারকের দায়িত্বে থাকা পাঁচজন হলেন বিকাশের ব্র্যান্ড ম্যানেজার (মার্কেটিং) নাফিসা ফারুক, আরলা ফুডসের ব্র্যান্ড ম্যানেজার ফয়সাল বিন কামাল, ইউনিলিভারের ব্র্যান্ড ম্যানেজার সৈয়দ মুস্তায়েন কাদের, কোকা-কোলা বাংলাদেশ বেভারেজের প্রধান (ক্যাপাসিটি ও এসসি পরিকল্পনা) মো. আবু হান্নান এবং ইউনিলিভারের ব্র্যান্ড ম্যানেজার আফনান বিন আশরাফ।